শেখ হাসিনার উদ্যোগ

ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি
জগন্নাথপুর, ঠাকুরগাঁও।
ISO 9001-2015 CERTIFIED

টেলিফোন:০৫৬১-৫৩৫৭১
ইমেইল:thkpbs@gmail.com
ওয়েব:www.pbs.thakurgaon.gov.bd

স্মারক নং-২৭.১২.৯৪৯৪.৫২৬.০২.০০৮.২০. ৩২৯ তাং ০৩/০২/২০১৯ ইং।

"আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি"(২য় বার)

ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতিতে পাওয়ার ইউজ কো-অর্ডিনেটর/সদস্য সেবা কো-অর্ডিনেটর এর শূন্য পদ পূরনের লক্ষ্যে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত ওয়্যারিং পরিদর্শক পদে যারা পবিস নির্দেশিকা ৩০০-১৪,৩০০-২৪, ৩০০-৫১ এবং "পল্লী বিদ্যুৎ সমিতি কর্মচারী চাকুরী বিধি-১৯৯২ (সংশোধিত-২০১২)" অনুযায়ী পদোন্নতির যোগ্যতা অর্জন করেছেন তাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্ব-হস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

**পদের নামঃ পাওয়ার ইউজ কো- অর্ডিনেটর/সদস্য সেবা কো-অর্ডিনেটর।**

প্রার্থীর যোগ্যতাঃ

(১) ওয়্যারিং পরিদর্শক হিসেবে যে কোন পলস্নী বিদ্যুৎ সমিতিতে ন্যূনতম ১০ (দশ) বছর ওয়্যারিং পরিদর্শক হিসেবে কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

অথবা

ডিপেস্নামা ইন ইলেকট্রিক্যাল/পাওয়ার ইঞ্জিনিয়ারিং ডিগ্রী প্রাপ্তদের ওয়্যারিং পরিদর্শক হিসেবে যে কোন পলস্নী বিদ্যুৎ সমিতিতে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

(২) পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রয়োজনীয় প্রশিক্ষণ ও বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

(৩) ওয়্যারিং সংক্রামন্ত মালামাল এবং প্রয়োজনীয় যন্ত্রাংশ সম্পর্কে জ্ঞান ও দক্ষতা থাকতে হবে।

(৪) বিগত ০৩(তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়ন এর গড় রেটিং ন্যূনতম ৩.৫০ থাকতে হবে।

(৫) পবিস নির্দেশিকা ৩০০-১৪,৩০০-২৪ এবং ৩০০-৫১ অনুযায়ী সকল শর্ত সমূহ পূরণ করতে হবে।

**০২। শর্তাবলীঃ**

আবেদনকারীগনকে নিজের নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, জন্ম তারিখ, ধর্ম, বয়স, জাতীয়তা, চাকুরীতে প্রথম যোগদানের তারিখ, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা ইত্যাদি উলল্ল পূর্বক সিনিয়র জেনারেল ম্যানেজার /জেনারেল ম্যানেজারের সুপারিশ পূর্বক আবেদনপত্র সহ আগামী ১৮/০২/২০২০খ্রিঃ তারিখ রোজ মঙ্গলবার সকাল ১১.০০ ঘটিকা সময় স্ব-শরীরে ঠাকুরগাঁও পবিসের সদর দপ্তর, জগন্নাথপুর, ঠাকুরগাঁও এ স্ব শরীরে উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে। আবেদন পত্রে নিমেণাক্ত কাগজ পত্র/ দলিলাদি এজিএম (মানব সম্পদ/ প্রশাসন) কর্তৃক সত্যায়িত পূর্বক সংযুক্ত করতে হবেঃ

(ক) সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ০২ (তিন) কপি সত্যায়িত ছবি।

(খ) বিগত ০৩ (তিন) বছরের কর্মমূল্যায়ন প্রতিবেদনের সত্যায়িত অনুলিপি।

(গ) শিক্ষাগত যোগ্যতার ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত অনুলিপি।

(ঘ) ইউনিয়ন পরিষদ/পৌরসভা চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত অনুলিপি।

(ঙ) চাকুরীতে নিয়মিত করণের তারিখ উল্লেখ পূর্বক বর্তমান পদে যোগদানপত্র, নিয়মিতকরণ পত্রের সত্যায়িত ফটোকপি পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রশিক্ষনে কৃতকার্য হওয়ার প্রমাণ পত্রের সত্যায়িত ফটোকপি।

(চ) জেনারেল ম্যানেজারের সুপারিশ, বিনা আপত্তির সনদ পত্র এবং প্রার্থীর বিগত ০৩ বৎসরে মধ্যে কোন গুরদন্ড এবং বিগত ০১ বৎসরের মধ্যে কোন লঘুদন্ডে দন্ডিত হননি, বিগত ০৫ (পাঁচ) বছরের ভিতর একের অধিকবার গুরুদন্ড প্রাপ্ত হননি, বিগত ০৪ (চার) বছরের ভিতর এক বার গুরুদন্ড এবং একবার লঘুদন্ড প্রাপ্ত হননি, বিগত ০৩ (তিন) বছরের ভিতর, একের অধিকবার লঘুদন্ড প্রাপ্ত হননি অথবা পদোন্নতির জন্য ০৩ (তিন) বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটি সিদ্ধান্তনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন এই মর্মে প্রত্যায়ন পত্র

শেখ হাসিনার উদ্যোগ

# ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি

জগন্নাথপুর, ঠাকুরগাঁও।

ISO 9001-2015 CERTIFIED

টেলিফোন:০৫৬১-৫৩৫৭১
ইমেইল:thkpbs@gmail.com
ওয়েব:www.pbs.thakurgaon.gov.bd



(ছ) পদোন্নতির জন্য জেলা কোটা প্রযোজ্য নহে, তবে অত্র সমিতির ভৌগলিক এলাকার (ঠাকুরগাঁও ও পঞ্চগড় জেলা) প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।

(জ) নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বৎসরের জন্য ''চলতি দায়িত্বে'' নিয়োগ দেওয়া হবে। চলতি দায়িত্বে থাকাকালীন কর্মমূল্যান সন্তোষজনক ও অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে চাকুরীতে নিয়মিত করা হবে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি করা হবে/পূর্ববর্তী পদে ফেরত যেতে হবে।

(ঝ) চলতি দায়িত্বে থাকাকালীন সময়ে সর্বশেষ এলপিসি মোতাবেক বেতন ও ভাতাদি প্রদান করা হবে।

(ঞ) কেউ তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষনিকভাবে বরখাস্ত করণসহ দেশের প্রচলিত আইনানুযায়ী ব্যবস্থা নেওয়া হবে।

(ট) অত্র সমিতির সমিতি বোর্ড পরিচালক/মহিলা পরিচালক ও সমিতির কর্মকর্তা/কর্মচারীদের রক্তের সম্পর্কীয় কেউ অথবা তাদের স্বামী/স্ত্রীর রক্তের সর্ম্পকীয়দের আবেদন করার প্রয়োজন নাই।

(ঠ) প্রার্থীকে পরীক্ষায় অংশ গ্রহনের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(ড) যে কোন আবেদন পত্র এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

(ঢ) শর্তাবলীতে উল্লেখ নাই এমন যে, কোন বিষয়ে জটিলতা সৃষ্টি হলে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে বিবেচিত হবে।

(আবু আশ্রাফ মোঃ ছালেহ্)
জেনারেল ম্যানেজার
ঠাকুরগাঁও পবিস।

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে

০১॥ নির্বাহী পরিচালক , বাপবিবো ,ঢাকা ।
০২॥ পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উ: অ:)/ পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩॥ তত্ত্বাবধায়ক প্রকৌশলী, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ জানানো হলো)।
০৪॥ সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ------------------------ পবিস-১/২/৩/৪ ।

অনুলিপি ঃ কার্যার্থে

০১॥ ডিজিএম, কারিগরী/পীরগঞ্জ/পঞ্চগড়/বালিয়াডাংগী জোনাল অফিস, ঠাপবিস।
০২॥ এজিএম (অর্থ/ওএন্ডএম/সদস্য সেবা/ইএন্ডসি), ঠাপবিস।
০৩॥ সহকারী জুনিয়র ইঞ্জিনিয়ার(আইটি-১/২)(ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
০৪॥ কম্পিউটার অপারেটর( সকল অনুলিপিতে মেইল করার জন্য)।
০৫॥ নোটিশ বোর্ড ।

জেনারেল ম্যানেজার
ঠাকুরগাঁও পবিস।